



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং-৪৩/ক/স্বী/৮৪(অংশ-১)/৩৩৩

তারিখ: ০৫/১২/২০১৮

বিষয়: ঢাকা মহানগরীর ভিকারননিসা নূন স্কুল এন্ড কলেজের ৯ম শ্রেণির ছাত্রী অরিজী অধিকারীর আত্মহত্যার বিষয়ে অভিযুক্ত শিক্ষকদের
বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৩৯.০৩১.১৭-৩৪০, তারিখ: ০৫/১২/২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে প্রবিধানমালা ২০০৯ এর অনুচ্ছেদ ৪১ মোতাবেক গভর্নির্বাচিত সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা,
প্রশাসনিক ব্যবস্থা তদারকীকরণ, শৃঙ্খলা বজায় রাখা এবং রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কাজের দায়িত্ব পালন করবেন। কিন্তু ভিকারননিসা নূন স্কুল
এন্ড কলেজ সম্পর্কে বিভিন্ন সময়ে শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে সম্পর্ক, অভিভাবকদের সঙ্গে অধ্যক্ষ ও শিক্ষকদের বিরুপ আচরণ, একাদশ
শ্রেণিতে ভর্তি সংক্রান্ত অনিয়ন্ত্রিত স্যানিটেশন সমস্যা ইত্যাদি বিষয়ে অভিভাবকদের বিস্তর অভিযোগ রয়েছে। এরই ধারাবাহিকতায় গত
০৩/১২/২০১৮ তারিখে ভিকারননিসা নূন স্কুল এন্ড কলেজের নবম শ্রেণির ছাত্রী অরিজী অধিকারীর আত্মহননের মত হৃদয় বিদারক ঘটনা
ঘটে। এ সব ঘটনা গভর্নির্বাচিত বড়ির দায়িত্বে অবহেলার পরিচয় বহন করে।

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধ্যক্ষ, ঢাকা কর্তৃক গঠিত তদন্ত প্রতিবেদনে ঢাকা মহানগরীর
ভিকারননিসা নূন স্কুল এন্ড কলেজের ৯ম শ্রেণির ছাত্রী অরিজী অধিকারীর আত্মহত্যার বিষয়ে নিম্নবর্ণিত (তিনি) জন শিক্ষককে অভিযুক্ত করা
হয়েছে।

১. জনাব নাজীবীন ফেরদৌস, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), ভিকারননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা
২. জনাব জিনাত আখতার, শিফ্ট ইনচার্জ, ভিকারননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা
৩. জনাব হাসনা হেনা, শ্রেণি শিক্ষক (প্রভাতী শাখা), ভিকারননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা

আগামী ৬/১২/২০১৮ তারিখের মধ্যে অভিযুক্তদের বরখাস্তসহ তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ
করা হলো।

০৫/১২/১৮

প্রফেসর ড. মোঃ হারুন-আর-রশিদ

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ০২-৫৮৬১২৪৭৬

ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd

সভাপতি

গভর্নির্বাচিত

ভিকারননিসা নূন স্কুল এন্ড কলেজ (১০৮৩৫৭)
বেইলি রোড, ঢাকা

মেমো নং- ৩৩৩(৪)

তারিখ: ০৫/১২/২০১৮

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থের জন্য অনুলিপি প্রেরিত হলো:

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশে সচিবালয়, ঢাকা
২. মহা পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৩. জেলা প্রশাসক, ঢাকা
৪. পি. এস. টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৫. অফিস কপি

০৫/১২/১৮

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।